

উপজেলা পরিষদ  
নাজিরপুর, পিরোজপুর

স্মারক নং-

তারিখঃ ১১-০৭-২০২৩ খ্রিঃ

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১১-০৭-২০২৩ খ্রি.।

সময় : সকাল ১১:০০টা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, নাজিরপুর, পিরোজপুর।


উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সাধারণ সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	১. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও সিলিং ফ্যান সরবরাহ। ২. আমতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসায় শ্রেণিকক্ষ নির্মাণ।	সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, নাজিরপুর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে বেঞ্চ স্বল্পতার কারণে শিক্ষার্থীদের বসতে সমস্যা হচ্ছে। অনেক বিদ্যালয়ে সিলিং ফ্যান না থাকায় প্রচণ্ড গরমের সময় শিক্ষার্থীরা কষ্ট করে ক্লাস করে, অনেক সময় অসুস্থ হয়ে পড়ে। পাঠদানকে আকর্ষণীয় করতে এবং প্রধান মন্ত্রী কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের অংশ হিসেবে মাল্টিমিডিয়া ক্লাসরুমের গুরুত্ব অপরিসীম। তাই যে সব শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপকরণ বা ডিভাইস নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপকরণ সরবরাহ করা প্রয়োজন। এ ছাড়াও আমতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসায় একটি পাকা শ্রেণিকক্ষ নির্মাণ করার জন্য আলোচনা হয়।	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আর্থিক সহায়তায় নিম্নোক্ত দু'টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাবনা দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। ১. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও সিলিং ফ্যান সরবরাহ। ২. আমতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসায় শ্রেণিকক্ষ নির্মাণ।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পিরোজপুর সদর, পিরোজপুর।
২.	বিবিধ:			

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ মোস্তাফিজুর রহমান)

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

এবং

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

নাজিরপুর, পিরোজপুর।

স্মারক নং-

তারিখ: ১১-০৭-২০২৩ খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর।
- ৩। অফিস কপি।



(মোঃ মাহিদুল ইসলাম)

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

এবং

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার




নাজিরপুর, পিরোজপুর।

পরিশিষ্ট-ক

উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর

কমিটির নামঃ উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি

সভার তারিখঃ ১১-০৭-২০২৩ খ্রি.।

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১	শেখ মোস্তাফিজুর রহমান	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর পিরোজপুর.	
২	মোঃ জাহিদুল ইসলাম	চেয়ারম্যান, ১ নং মাটিভাংগা ইউনিয়ন পরিষদ	
৩	মোঃ আলতাফ হোসেন বেপারী	চেয়ারম্যান, ৮ নং শরিমকাঠী ইউনিয়ন পরিষদ	
৪	মোঃ খালিদ হোসেন সজল	চেয়ারম্যান, ৫ নং সাখারীকাঠী ইউনিয়ন পরিষদ	
৫	মোঃ মহিদুল ইসলাম	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাজিরপুর, পিরোজপুর	